ভর্তির তারিখ, সময় ও স্থান নিম্নরূপ ঃ

১৯/০৩/২০২৪ খ্রিঃ হতে ৩১/০৩/২০২৪ খ্রিঃ পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে (সরকারি ছুটির দিন ব্যতীত)

সময়ঃ সকাল ১০.০০ টা হতে ১.০০ টা পর্যন্ত।

স্থানঃ স্ব স্ব অনার্স বিভাগ

## ১ম মেধা তালিকার ফলাফল অনুযায়ী

বি.দ্র.- ১। সংশ্লিষ্ট বিভাগ চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রোল, শিক্ষা বোর্ড, জিপিএ ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সঙ্গে মিলিয়ে দেখার জন্য সম্মানিত বিভাগীয় প্রধানগণকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হ'ল।

** ভর্তিফরম সঠিকভাবে পূরণের নিমিত্তে সংশ্লিষ্ট সম্মানিত বিভাগীয় প্রধানগণকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হ'ল।

## ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র (সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে) ঃ-

| | |
|---|---|
| ১। | প্রাথমিক আবেদনপত্রের কলেজ কপি ও টাকা জমা রসিদের কপি জমা দিবে ০২ টি করে। |
| ২। | চূড়ান্ত ভর্তি ফরমের কলেজ কপি ও টাকা জমা রসিদের কপি ০২ টি করে। |
| ৩। | এস,এস,সি পাশের মূল সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি ০২ টি করে। |
| ৪। | এইচ,এস,সি পাশের মূল সনদ ও মূল নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি ০২ টি করে। |
| ৫। | **এস,এস,সি ও এইচ, এস,সি পাশের মূল সনদ ও মূল নম্বর পত্র স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।** |
| ৬। | স্টাম্প সাইজের ০২টি ছবি অন লাইনের আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে এবং পাসপোর্ট সাইজের ০৫টি ছবি স্ব স্ব বিভাগে সংরক্ষণ করতে হবে। (ভর্তি পরীক্ষায় প্রবেশ পত্রে যে ছবি ছিল ঐ একই রকমের ছবি দিতে হবে) |
| ৭। | শিক্ষা বিরতি সনদপত্র (যাদের ক্ষেত্রে প্রযোজ্য)- ০২ টি। |
| ৮। | মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি -০২ টি করে। |
| ৯। | মুক্তিযোদ্ধা/আদিবাসী/উপজাতি/প্রতিবন্ধী কোঠায় ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের জন্য উক্ত সনদের সত্যায়িত ফটোকপি ০২ টি। |
| ১০। | এসএসসি ও এইচএসসি রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-০২টি। |
| ** | **নিজের প্রয়োজনে মূল কাগজপত্র বিভাগে জমা দেয়ার পূর্বেই ফটোকপি করে রাখার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।** |

**বিঃ দ্রঃ- ভর্তিচ্ছু সকল ছাত্র/ছাত্রীদের প্রয়োজনীয় কাগজপত্রসমূহ তাদের স্ব স্ব অনার্স বিভাগ থেকে সত্যায়িত করতে হবে।**

*** ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জমাকৃত বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা শাখার অন লাইন/ওয়েব সাইটের মাধ্যমে মূলভর্তি ফরম এবং আনুষঙ্গিক কাগজপত্রসমূহ ভর্তি শেষে (মাইগ্রেশনের পর) ভর্তি পরীক্ষার রোল নম্বর অনুযায়ী সাজিয়ে সরবরাহকৃত ছক/প্যাডে তালিকাভূক্ত করে আহবায়ক, অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি ২০২৩-২০২৪ -এর নিকট জমা দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সকল সম্মানিত বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হ'ল। উল্লেখ্য পরে ০১ (এক) সেট ফটোকপি ভর্তি ফরম ও আনুসঙ্গিক কাগজপত্রসহ কলেজের অনার্স শাখায় জমা দেয়ার জন্য বলা হ'ল। শেষ ভর্তি বিবরণীতে যাতে কোন অসংগতি না থাকে সেদিকে সর্তকদৃষ্টি রাখার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হ'ল।

দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন প্রার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে (রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত) তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষাবর্ষে ভর্তি হতে হবে।

বিষয় পরিবর্তনের আবেদন:- মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে yes অপশন সিলেক্ট করতে হবে। তবে কোটা মেধা/ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

সম্মানীত বিভাগীয় প্রধানগণ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে তা অনার্স ভর্তি কমিটির মাধ্যমে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে।

** স্ব স্ব অনার্স বিভাগ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ভর্তি ফরম ০১ সেট ফটোকপিসহ সকল কাগজ পত্র বিভাগে সংরক্ষণ করবেন।

* বিস্তারিত ভর্তির নির্দেশিকা www.nu.edu.bd/admissions বা admissions. nu.edu.bd তে পাওয়া যাবে।

* প্রথম মেধা তালিকায় চূড়ান্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের জন্য প্রতিদিনের ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা (লাল কালির মাধ্যমে চিহ্নিত করে) উক্ত দিনেই দুপুর ২টার মধ্যে ইংরেজি বিভাগে জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২২/৩/২৪

(প্রফেসর শিশির কুমার রায়)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া

নং- কুসক-২০২৪/

তারিখ ঃ ........................ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল ঃ-

১। আহবায়ক, অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি ২০২৩-২০২৪, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২। বিভাগীয় প্রধান, সকল অনার্স বিভাগ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫। হিসাব রক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৭। শাখা সহকারী, অনার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৮। সংরক্ষণ নথি।

(প্রফেসর শিশির কুমার রায়)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং- ...৪/৯৬ তারিখঃ ১৮/০৩/২০২৪ খ্রি.

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় হতে বিষয়ভিত্তিক **১ম মেধা তালিকার ফলাফল অনুযায়ী** ছাত্র/ছাত্রীদের ভর্তির ফিস এর বিবরণ নিম্নে প্রদত্ত হলো।

## (বিভাগভিত্তিক মোট ফিসের পরিমাণ)

| | | |
|---|---|---|
| ১। | বাংলা/ ইংরেজি/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/ ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/দর্শন/ইসলামি শিক্ষা/ সমাজবিজ্ঞান/ফিন্যান্স ও ব্যাংকিং/মার্কেটিং | ৪,৬০৫.০০ |
| ২। | পদার্থবিজ্ঞান | ৫,৬৪৫.০০ |
| ৩। | রসায়ন | ৫,৬৮৫.০০ |
| ৪। | ভূগোল | ৫,৭৫৫.০০ |
| ৫। | প্রাণিবিদ্যা | ৫,৫৫৫.০০ |
| ৬। | উদ্ভিদবিজ্ঞান | ৫,৬০৫.০০ |
| ৭। | গণিত | ৫,৬৯৫.০০ |
| ৮। | পরিসংখ্যান | ৫,৬৩৫.০০ |

বি:দ্র:- আবেদন ফরম সংগ্রহ ও জমাদানের পদ্ধতিঃ- অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণের পর কুষ্টিয়া সরকারি কলেজের ভর্তির ওয়েবসাইট **https://kushtiagovcollege.eshiksabd.com** এ গিয়ে নিম্নোক্ত **User Name** ও **Password** দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। (**User Name: kgcstudent, Password: kgcstudent** দিয়ে **Sign In** করতে হবে)

* এরপর **Admission** ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।

* **Select Department** এবং **Enter Admission Roll** ঘর দুটি পূরণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।

* ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে **Save** বাটনে ক্লিক করতে হবে। ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা ছবি ব্যবহার করতে হবে। ভর্তি ফি **rocket/bkash/nagad/sonali eshaba** এর মাধ্যমে প্রদান করে পূরণকৃত ফরম **Application Form Reprint** ক্লিক করে ডাউনলোড ও প্রিন্ট করতে হবে। উল্লেখ্য যে, বিভাগের শ্রেণি রোল বিষয়কোড অনুসারে অটোমেটিক তৈরী হবে।

১৮/৩/২৪

(প্রফেসর শিশির কুমার রায়)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

## অবগতি ও কার্যার্থে কপি বিতরণঃ-

১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩। সকল অনার্স বিভাগীয় প্রধান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫। হিসাব রক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬। অফিস সহকারী, অনার্স ও সকল শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৭। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৮। সংরক্ষণ নথি।